

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো  
অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্প  
পরিসংখ্যান ভবন (৯ম তলা)  
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭  
www.bbs.gov.bd


নং- ৫২.০১.০০০০.৬৩৫.১৮.০০৬.২৩.০৭৬

তারিখ: ২৮ পৌষ ১৪৩০  
০২ জানুয়ারি ২০২৪

বিষয়: অর্থনৈতিক শুমারি ২০২৩ শীর্ষক প্রকল্পের প্রতিপাদ্য/স্লোগান এবং লোগো ডিজাইন প্রস্তুতে আইডিয়া (Idea) প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন অর্থনৈতিক শুমারি ২০২৩ শীর্ষক প্রকল্পের কার্যক্রম শুরু হয়েছে। অর্থনৈতিক শুমারির মাধ্যমে দেশের মৌলিক অর্থনৈতিক কর্মকাণ্ডের পূর্ণাঙ্গ তথ্যভান্ডার অর্থাৎ অর্থনৈতিক প্রতিষ্ঠানসমূহের মালিকানা, কাঠামো, লিগ্যাল স্ট্যাটাস, কর্মকাণ্ডের ধরণ, উৎপাদিত পণ্য বা সেবার ধরণ, কর্মসংস্থান, স্থায়ী সম্পদের মূল্য ইত্যাদি সম্পর্কিত পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ করা হবে। অর্থনৈতিক শুমারির কার্যক্রমকে দেশব্যাপী পরিচিতি প্রদানের লক্ষ্যে এর প্রতিপাদ্য/স্লোগান এবং লোগো প্রস্তুতের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

০২। বর্ণিতাবস্থায়, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বিবিএস'র কর্মকর্তা/কর্মচারীগণকে অর্থনৈতিক শুমারি ২০২৩ শীর্ষক প্রকল্পের প্রতিপাদ্য/স্লোগান এবং লোগো ডিজাইন সংক্রান্ত আইডিয়া (Idea) আগামী ১৫ জানুয়ারি ২০২৪ তারিখের মধ্যে অর্থনৈতিক শুমারি ২০২৩ শীর্ষক প্রকল্প, পরিসংখ্যান ভবন (৯ম তলা), বিবিএস ঢাকা বরাবর ডাকযোগে অথবা ec24.bbs@gmail.com ইমেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।



মোহাম্মদ মিজানুর রহমান

মহাপরিচালক

(অতিরিক্ত সচিব)

ফোনঃ ৫৫০০৭০৫৬

ইমেইল: dg@bbs.gov.bd

বিতরণ:

- ১) পরিচালক (সকল), ..... , বিবিএস, ঢাকা।
- ২) যুগ্মপরিচালক (সকল), বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়,..... বিভাগ।
- ৩) উপপরিচালক (সকল), জেলা পরিসংখ্যান কার্যালয়,..... জেলা।
- ৪) উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, উপজেলা পরিসংখ্যান কার্যালয়,..... জেলা।
- ৫) জনাব.....।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২) স্টাফ অফিসার, উপমহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
- ৩) অফিস কপি।